

# পরিবারের সাথে গণিত কর্মকান্ড অন্বেষণ

নিম্নলিখিত দুইটি কর্মকান্ড বিভিন্ন ব্লক পাঠক্রম থেকে গৃহীত হয়েছে, যেগুলো সাধারণত প্রি-K এক্সপ্লোর ক্লাসরুমে ব্যবহৃত হয়। এই কর্মকান্ডটি তিন এবং চার বছর বয়সীদের জন্যে তৈরি করা হয়েছে এবং স্বল্প উপকরণ ব্যবহার করে, সহজেই বাড়িতে পরিবার ও অন্য সেবা প্রদানকারীদের সাথে করা যাবে। বাড়ির পরিবেশে ছেলেমেয়েদের উন্নয়নে সহায়তা করার পাশাপাশি, সেগুলো খেলাচ্ছলে ও আনন্দময় হবার জন্যে ডিজাইন করা হয়েছে।

## কর্মকাণ্ড 1: Number Me

যে উপকরণগুলো লাগবে: নেই

কীভাবে খেলতে হবে:

- আনন্দময়, খেলাচ্ছলে আলাপ করার মাধ্যমে, ছেলেমেয়েরা যেভাবে সম্পর্কিত করে, সেভাবে তাদের সাথে সংখ্যা বা নাম্বার নিয়ে আলোচনা করুন। কথার মাধ্যমে এবং আঙ্গুল ব্যবহার করে সংখ্যাগুলো দেখাতে তাদের উৎসাহিত করুন।
  - "তোমার বয়স কত?"
  - "তোমার কয়টি বাছ আছে?"
  - "তোমার ২টি পা দেখাও"
  - "তোমার ৫টি আঙ্গুল দেখাও"
  - "তোমার ২টি পা নাড়াও"
- আপনি ইচ্ছাকৃতভাবে ভুল করে আনন্দ করুন যেন তারা আপনার ভুল শুধরে দিতে পারে
  - "তোমার চোখ ৩টি দেখাও"
  - "না, আমার ২টি চোখ আছে!"

কেন এই খেলা?

- ছোট ছেলেমেয়েরা সবচেয়ে ভালভাবে শেখে যখন শেখার বিষয়টি তাদেরকে নিয়ে।
- প্রাপ্তবয়স্করা যখন ভুল করে এবং ছোট ছেলেমেয়েরা সেটা শুধরে দিচ্ছে, এই বিষয়টি তাদের খুব ভাল লাগে।

## কর্মকাণ্ড 2: আমাদের দিন

যে উপকরণগুলো লাগবে: মার্কার, কাগজ

কীভাবে খেলতে হবে:

- দিনের প্রতিটি অংশ প্রতিনিধিত্ব করে এমন ছবি আঁকুন অথবা প্রিন্ট করুন; ঘুম থেকে উঠা, ব্রেকফাস্ট, রিডিং, খেলা, লাঞ্চ, ইত্যাদি।
- যেভাবে ঘটে সেই অনুযায়ী ছবিগুলো ধারাক্রম করতে আপনার সন্তানকে সাহায্য করুন। আপনি সময়সূচি নিয়ে কথা বলার সময় পূরণবাচক শব্দ ব্যবহার করবেন (প্রথম, দ্বিতীয়, তৃতীয়, ইত্যাদি) অথবা সেসব শব্দ যোগে অনুক্রম ও সময় ব্যবহার করে (প্রথম, এরপর, শেষ, আগে অথবা পরে)।

### কেন এই খেলা?

- কথার মাধ্যমে ধারাক্রমটি ব্যাখ্যা করুন যেন চূড়ান্তভাবে ছেলেমেয়ে সংখ্যায় ধারাটি বুঝতে সাহায্য করে।
- ছেলেমেয়েরা শেখে যখন বিষয়টি তাদের জীবনের সাথে অর্থবহ। 60 মিনিটে এক ঘন্টা হয় বলতে একটি বিমূর্ত ধারণা, কিন্তু "খেলার সময় আসবে রিডিংয়ের পরে" অনেক বেশী মূর্ত এবং ছোট ছেলেমেয়েদের জন্য বুঝতে সহজ হয়।
- নিত্যকর্ম ছেলেমেয়েদের স্বাচ্ছন্দ্য প্রদান করে। ছবিগুলো ছেলেমেয়েদের দেখতে এবং এরপর কী হবে জেনে স্বাচ্ছন্দ্য পাবার সুযোগ দেয়।

সকল পরিবারের সাথে গণিত কর্মকান্ড অন্বেষণ (এক্সপ্লোর ফ্যামিলি ম্যাথ অ্যাক্টিভিটি) গৃহীত হয়েছে *Building Blocks*, © Clements & Sarama, 2013, McGraw-Hill Education থেকে।